



শিক্ষা প্রতিষ্ঠানে আদর্শ পরিবেশ নাই

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শুক্রবার) ঢাকা শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় মিলনায়তনে "শিক্ষার পরিবেশ: সরকারী কলেজ" বিষয়ক সেমিনারে (শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

শিক্ষা প্রতিষ্ঠানে (১ম পৃ: পর)

বলা হয়, সমসাময়িক অবস্থায় বাংলাদেশের যে কোন প্রতিষ্ঠানে বিশেষত: সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে আদর্শ শিক্ষা পরিবেশ বলিতে যাহা বুঝায় তাহা মোটেই নাই।

বিসিএস-সাধারণ শিক্ষা কমিটির সমিতির জাতীয় সম্মেলন উপলক্ষে আয়োজিত এই সেমিনারে অধ্যক্ষ জাহানারা হকের 'সরকারী কলেজে শিক্ষা পরিবেশ' বিষয়ক প্রবন্ধে বলা হয়, সরকারী কলেজ সমস্যার সাগরে নিমজ্জমান ছাত্র ভর্তি সমস্যা, সেশন জট সমস্যা, কোর্স পদ্ধতি বনাম সনাতন পদ্ধতি সমস্যা, অর্থ সংকট, ছাত্র সন্ত্রাস, বিশ্ববিদ্যালয় ও সরকারী বৈত একাডেমিক প্রশাসনিক নিয়ন্ত্রণ ব্যবস্থা, শিক্ষক-কর্মচারী নিয়োগ ও বদলীজনিত সমস্যা, গ্রন্থাগার ও গবেষণাগারে শিক্ষা উপকরণের অভাব, বিনোদন, সাংস্কৃতিক কর্মকাণ্ডের অভাবের মত আরও শত সহস্র সমস্যা কলেজের শিক্ষা পরিবেশকে শাসরুদ্ধ করিয়া তুলিয়াছে। আমরা শুনি শিক্ষা প্রশাসন নাকি মানুষের দোরগোড়ায় ইহাকে বিকেন্দ্রীকরণ করা হইয়াছে। কিন্তু রাজধানীর যে কোন সরকারী কলেজের অধ্যক্ষ একজন ক্ষমতাহীন 'নাই নাই রাজ্যের' সন্ন্যাসী।